# ট্রান্স ওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেণ্ডার, জানুয়ারী ২০২৪

**১। প্রজ্ঞা** – "প্রজ্ঞা দ্বারা গৃহ নির্মিত হয়, আর বুদ্ধি দ্বারা তাহা স্থিরীকৃত হয়; জ্ঞান দ্বারা কুঠরী সকল পরিপূর্ণ হয়, বহুমূল্য ও মনোরম্য সমস্ত দ্রব্যে"(হিতোপদেশ ২৪:৩,৪)।আপনি যখন নববর্ষে প্রবেশ করেন, তখন একজন বোধশক্তিযুক্ত ব্যক্তি হওয়ার জন্য প্রার্থনা করুন; একজন ব্যক্তি যিনি তাঁর পরিবারের প্রত্যেকটি সদস্যকে ভালোবাসবে এবং মূল্য দেবে এবং যিনি একজন ধার্মিক, এবং প্রজ্ঞার অনুকরণযোগ্য উদাহরণ হবেন।

**২। সাফল্যের মাধ্যম** – "গোরু না থাকিলে যাবপাত্র পরিষ্কার থাকে; কিন্তু বলদের বলে ধনের বাহুল্য হয়" (হিতোপদেশ ১৪:৪)। জীবনের উন্নতির জন্য কঠোর পরিশ্রমের এবং দৃঢ়সঙ্কল্পের প্রয়োজন। ঈশ্বর আপনাকে বণ্টনের জন্য যা কিছু দিয়েছেন সেই বিষয়ে মনোনয়নকারী এবং উত্তম বিনিয়োগকারী হন। এটিই আপনার সাফল্যের মাধ্যম এবং অন্যদের আশীর্ব্বাদের উপায় হতে পারে।

**৩।আপনাকে কি চালিত করে** – "হে প্রভু,একটা সময় আমার জীবন খুবই স্থায়িত্বহীন ছিল এবং আমার ভবিষ্যত অনিশ্চিত ছিল। আর তথাপি রাজা দাউদ বলেছিলেন তাঁর অবিচলিত স্থায়িত্ব ছিল।খ্রীষ্টের সচেতনতার সঙ্গে জীবনযাপন করার দ্বারা আমাকেও তুমি সেই একই স্থায়িত্বের ভিত্তি করো। আমার জীবনে তোমার উপস্থিতির সচেতনতা আমাকে দাও। তোমার উপর বিশ্বাস রাখতে আমাকে সক্ষম করো।তাহলে আমি প্রকৃত স্থায়িত্ব লাভ করবো।" (প্রেরিত ২:২৫)

**৪। প্রকৃতই স্বাধীন** – "প্রিয় যীশু, আমি দিয়াবলের দাস ছিলাম-পাপের বন্ধনে আবদ্ধ ছিলাম।এখন আমি আমার জীবনে শয়তানের আধিপত্য থেকে সম্পূর্ণ মুক্ত হয়েছি। তুমি আমাকে কেবল শয়তানের হাত থেকেই মুক্ত করেছো এমন নয়, কিন্তু তুমি আমাকে জীবনের নতুনতায় চলার জন্য আত্মিক মৃত্যু থেকে উত্থিত করেছো। আমাকে স্বাধীন করার জন্য এবং আমাকে প্রকৃতই স্বাধীন করার জন্য তোমাকে ধন্যবাদ!হালেলুইয়া!" (যোহন ৮:৩৬)

**৫। আত্মিক স্বাধীনতা** – "প্রভু যীশু, তুমি মুক্তিদাতা। তুমি মৃত্যু, নরক এবং কবরকে জয় করেছিলে। আর এখন আমাকে স্বাধীন করার জন্য তোমার আত্মা আমার মধ্যে বাস করছে। আমি তোমাকে আমার আত্মা, প্রাণ এবং দেহ দিচ্ছি। তোমার আত্মায় আমাকে পূর্ণ করো যাতে তুমি আমাকে স্বাধীনতার মধ্যে চলতে সক্ষম করতে পারো।"(২ করিন্থীয় ৩:১৭)

**৬। ঈশ্বরের কাজ করা** – "হে প্রভু, প্রথমে, তোমার ব্যবস্থা আমাকে বুঝিয়ে ছিলো যে আমি একজন পাপী ছিলাম এবং সেই কারণে আমার মাংস দুর্বল ছিল। তারপর, খ্রীষ্টে আমার জীবনের আত্মার ব্যবস্থা আমাকে পাপের এবং মৃত্যুর ব্যবস্থা থেকে মুক্ত করেছিল।আমি উপলব্ধি করেছিলাম যে তোমার বাক্য অর্থহীন হয়ে যাবে যদি আমি সেই বাক্য অনুসারে জীবনযাপন না করি। তোমাকে ধন্যবাদ দিই যে তুমি বাক্যের কার্যকারী হতে আমাকে সক্ষম করছো।" (যাকোব ১:২৫)

**৭।আমাদের মধ্যে বাসকারী আত্মা** – "হে প্রভু যীশু, তোমাকে ধন্যবাদ দিই যে তুমি আমাকে সান্ত্বনাহীন রেখে চলে যাওনি। তুমি তোমার আত্মার দ্বারা আমার কাছে এসেছিলে, যাতে তুমি চিরকাল আমার সঙ্গে বাস করতে পারো। তোমার সঙ্গে তুমি আমাকে একাত্ম করেছো, সুতরাং এখন আমাদের মধ্যে আর কোনও বিচ্ছিন্নতা নেই। তোমাকে ধন্যবাদ দিই যে আমি আর কখনও একা নই।তোমার আত্মা এখন আমার মধ্যে বাস করে। (যোহন ১৪:১৬-১৭)

**৮। সহভাগিতা** – ঈশ্বরকে ধন্যবাদ দিন যে প্রার্থনার মাধ্যমে তিনি আপনাকে খ্রীষ্টের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক দিচ্ছেন। তাঁর উপস্থিতির মধ্যে আপনি আত্মিক শক্তি লাভ করেন, এবং আপনি অন্য লোকদের তাঁর আরও কাছে নিমন্ত্রণ করার বিষয় অনুপ্রেরণা লাভ করবেন। (১ করিন্থীয় ১:৯)

**৯। রূপান্তরণ** – আপনি যখন প্রভুর উপস্থিতির মধ্যে সময় অতিবাহিত করেন, তখন আপনি ধীরে ধীরে আরও অধিক আপনার প্রভুর স্বরূপতা লাভ করবেন।প্রার্থনা করুন পবিত্র আত্মা যেন আপনার জীবনে তাঁর যোগ্য জায়গা এবং মনোযোগ দিতে আপনাকে সাহায্য করেন (মথি ৬:৩৩)।

**১০। নীরব থাকবেন না** – আপনি যখনই কোনও না কোনও ভাবে আপনার জীবনে ঈশ্বরের আশীর্ব্বাদগুলোর অভিজ্ঞতা লাভ করবেন, অন্যদের কাছে আপনার অভিজ্ঞতার বিষয় বলুন। আপনার জীবনে ঈশ্বরের মধ্যস্থতা আপনার সঙ্গে অন্যদের কাছেও আশীর্ব্বাদে পরিণত হবে (লূক ৮:৩৯)।

**১১। দ্বিগুণ আশীর্ব্বাদ** – যীশু আপনার জন্য যা করেছেন সেই কারণে আপনার পরিত্রাণ লাভের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।আর তাঁকে আরও ধন্যবাদ দিন যে তিনি আপনাকে খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে অনন্তজীবনের উত্তরাধিকারের উদ্দেশে অন্য লোকদের আমন্ত্রণ করতে দিয়েছেন (লূক ৯:২)।

**১২।শক্তিশালী হন** – এই দুর্বল নৈতিক বাধ্যবাধকতার সংস্কৃতির মধ্যে, প্রার্থনা করুন আপনি যাতে একজন শক্তিশালী দায়বদ্ধতাযুক্ত এবং আনুগত্যপূর্ণ ব্যক্তি হতে

পারেন, আপনার কথা রক্ষা করতে পারেন, বিশ্বাসযোগ্য এবং নির্ভরযোগ্য হতে পারেন। (লূক ১৬:১০)

**১৩। ন্যায়পরায়ণতা** – ন্যায়পরায়ণতার অর্থ হতে পারে "সমন্বয়কারী চারিত্রিক দৃঢ়তা" অথবা নৈতিক সরলতা।প্রার্থনা করুন আমরা যাতে সেই ধরণের লোক হতে পারি যারা তাদের জীবনে যে বিষয়গুলো প্রকৃতই অর্থবহ সেই বিষয়গুলোকে দৃঢ়ভাবে সামলাতে পারি এবং প্রভুর সঙ্গে, আমাদের পরিবারগুলোর সঙ্গে, অথবা মণ্ডলীর সঙ্গে আমাদের সম্পর্কের মধ্যে এই মূল্যবোধগুলোকে মেনে জীবনযাপন করতে পারি। (হিতোপদেশ ১১:৩)

**১৪। সততা** – সততা হচ্ছে একটি উৎকর্ষতা যা ঈশ্বর এবং অন্যদের বিষয়গুলোকে উচ্চমূল্য দেয়। এমন ব্যক্তি হওয়ার জন্য প্রার্থনা করুন যারা কোনও রকম সামঝোতা ছাড়াই সত্য কথা বলে, কোনও রকম ভাবে অতিরঞ্জিত করে না, কিন্তু তারা প্রেমে সত্য কথা বলতে শেখার বিষয়েও ইচ্ছুক হন। (ইফি ৪:১৫)

**১৫। বিশ্বস্ততা** – বিশ্বস্ততা হচ্ছে আত্মার ফলের একটি অংশ।প্রার্থনা করুন আমরা যেন আমাদের জীবনে খ্রীষ্টের কাজকে প্রতিফলিত করার জন্য স্বেচ্ছায় এবং নিয়মিতভাবে পবিত্র আত্মার দ্বারা নিয়ন্ত্রিত হতে পারি।(ইফি ৫:১৮)

**১৬। দুশ্চিন্তা** – "কোনও বিষয় ভাবিত হইও না,কিন্তু সর্ব্ববিষয়ে প্রার্থনা ও বিনতি দ্বারা ধন্যবাদ সহকারে তোমাদের যাচ্ঞা সকল ঈশ্বরকে জ্ঞাত কর"(ফিলিপীয় ৪:৬)।আমরা যদি আমাদের চিন্তার বিষয়গুলি প্রভুকে বলি সেটাই যথেষ্ট। আমাদের চিন্তা করার প্রয়োজন নেই, কিন্তু সঠিক উত্তরের জন্য আমরা যেন তাঁর উপর নির্ভর করতে পারি এবং আমাদের প্রয়োজনগুলির তত্ত্বাবধান করার জন্য আমরা যেন ইতিমধ্যেই ধন্যবাদ দিতে শুরু করি।

**১৭। পুনরুদ্ধার** – "তিনি আমার প্রাণ ফিরাইয়া আনেন" (গীত ২৩:৩ক)। আমরা যদি প্রভুকে আমাদের প্রাণ ফিরিয়ে আনতে না দিই তাহলে আমাদের পক্ষে তা অসহনীয় হয়ে উঠবে। তিনি প্রথমেই আমাদের আশীর্ব্বাদ করতে চান যাতে আমরা তিনি আমাদের যা কিছু দিয়েছেন তা অন্যদের দিতে সক্ষম হই।এইভাবে আমরা নিজেদের "দগ্ধ করা" থেকে বাঁচাতে পারি। পুরুষরা আপনাদের পুনরুদ্ধারের জন্য প্রস্তুত হন!

**১৮।পরিচালনা** – "তিনি নিজ নামের জন্য আমাকে ধর্ম্মপথে গমন করান" (গীত ২৩:৩খ)।আমাদের প্রত্যেকের জন্য ঈশ্বরের একটি অনুপম এবং অপূর্ব পরিকল্পনা আছে। আমরা যখন তাঁর পরিচালনার উপর নির্ভর করি, তখন আমরা প্রতিদিন নিশ্চয়তার মধ্যে এবং আশার মধ্যে চলতে পারি।

**১৯। ধনাধ্যক্ষতা** – একজন খ্রীষ্টান হিসাবে আমরা বুঝতে পারি যে এই পৃথিবীর কোনও কিছুই আমাদের নিজস্ব নয়। আমার গৃহ, গাড়ী, সম্পত্তি, আমার দেহ সমস্ত কিছু ঈশ্বরের দান এবং আমার কাছে এই বিষয়গুলো তদারকির ভার অর্পণ করা হয়েছে। আমরা এই বিষয়গুলো উপভোগ করতে পারি, ব্যবহার করতে পারি এবং এই বিষয়গুলো আমরা ঈশ্বরের ইচ্ছানুসারে বণ্টন করতে পারি। তাঁর আশীর্ব্বাদগুলিকে বহুগুণ বৃদ্ধি করার জন্য এটি ঈশ্বরের একটি উপায়। (আদি ১২:২)

**২০। *ঐক্য*** – "এই কারণ মনুষ্য আপন পিতা মাতাকে ত্যাগ করিয়া আপন স্ত্রীতে আসক্ত হইবে, এবং তাহারা একাঙ্গ হইবে" (আদি ২:২৪)।ঈশ্বর একটি নতুন একাঙ্গতা গড়ে তোলার জন্যেও আমাদের উভয়কে নর এবং নারী রূপে সৃষ্টি করেছিলেন। আমাদের প্রকৃত ঐক্যের অভিজ্ঞতা লাভ করতে সাহায্য করার জন্য তিনি স্বয়ং এই নিয়মে তৃতীয় পক্ষ হতে চান।

**২১। সামগ্রিক কর্তৃত্ব** – "হে সদাপ্রভু, মহত্ব, পরাক্রম, গৌরব, জয় ও প্রতাপ তোমারই; কেননা স্বর্গে ও পৃথিবীতে যাহা কিছু আছে, সকলই তোমার; হে সদাপ্রভু, রাজ্য তোমারই, এবং তুমি সকলের মস্তকরূপে উন্নত" (১ বংশা ২৯:১১)।এমন একজন পুরুষ হন যিনি প্রকৃত নম্রতা এবং শ্রদ্ধায় ঈশ্বরের কর্তৃত্বের কাছে নিজেকে বশীভূত করে।

**২২। প্রকৃত ক্ষমতা** – "কেননা ঈশ্বর আমাদিগকে ভীরুতার আত্মা দেন নাই, কিন্তু শক্তির, প্রেমের ও সুবুদ্ধির আত্মা দিয়াছেন" (২ তীম ১:৭)।কেউ সুযোগ নিয়ে নেবে এই ভয়ে পুরুষরা তাদের দৃঢ় প্রত্যয়গুলির পশ্চাতে জোর করে লেগে থাকার জন্য প্রলোভিত হয়।ভীরুতার আত্মাকে প্রতিরোধ করুন। প্রভুকে আপনার লক্ষ্য নিরূপণ করতে দিন এবং প্রেমে এবং তাঁর ক্ষমতায় কাজ করতে আপনাকে সক্ষম করতে তাঁর আত্মাকে কাজ করতে দিন।

**২৩। প্রাধান্যগুলি** – "বাহিরে তোমার কার্য্যের আয়োজন কর, ক্ষেত্রে আপনার জন্য তাহা সম্পন্ন কর, পরে তোমার ঘর বাঁধ" (হিতোপদেশ ২৪:২৭)।প্রকৃতি আমাদের ইতিমধ্যেই বলে যে আমাদের সম্পদগুলি খরচ করার আগে, আমাদের কাজ করার এবং উপার্জন করার প্রয়োজন। আপনার প্রাধান্যগুলি বেছে নেওয়ার ক্ষেত্রে দূরদর্শী হন এবং মূর্খের মতো বিনিয়োগ করার তাড়নাকে প্রতিরোধ করুন।

**২৪।সন্তুষ্টি** – "এই কথা আমি অনটন সম্বন্ধে বলিতেছি না, কেননা আমি যে অবস্থায় থাকি, তাহাতে সন্তুষ্ট থাকিতে শিখিয়াছি" (ফিলিপীয় ৪:১১)। বাইবেল সংক্রান্ত মূল্যবোধগুলি এবং ধার্মিক প্রেরণাগুলি আমাদেরকে অস্থায়ী সন্তুষ্টিগুলি থেকে মুক্ত করে। ঈশ্বরের কাজের শিক্ষাপ্রতিষ্ঠানের একজন শিক্ষার্থী হওয়ার জন্য প্রার্থনা

করুন এবং আপনার অন্তরে তাঁর রত্নগুলি মজুত করুন। এটি আপনাকে প্রকৃত সন্তুষ্টি দেবে।

**২৫। সম্পদগুলির সুব্যবস্থাপনা** – "বেশ উত্তম ও বিশ্বস্ত দাস; তুমি অল্প বিষয়ে বিশ্বস্ত হইলে, আমি তোমাকে বহু বিষয়ের উপরে নিযুক্ত করিব; তুমি আপন প্রভুর আনন্দের সহভাগী হও" (মথি ২৫:২১)। কীভাবে আমরা আমাদের জীবনকে চালিয়েছি সেই বিষয়ে প্রভুর কথা এবং মূল্যায়নই চূড়ান্ত। আসুন আমরা আজই আমাদের সময় এবং সম্পদগুলি যেভাবে ব্যবহার করছি তার মাধ্যমে তাঁকে সম্মানিত করি।

**২৬। সর্বশক্তিমান**–আমাদের সদাপ্রভু ঈশ্বরকে তাঁর সার্বভৌমত্ব, ক্ষমতার জন্য গৌরবান্বিত করা উচিৎ এবং তাঁর আরাধনা করা উচিৎ এবং তাঁর অনন্তকালীন প্রজ্ঞা যেন আমাদের প্রার্থনাগুলির অংশ হয়। এমনকী সব থেকে কঠিন সময়গুলোতে এবং পরিস্থিতিগুলোতে সমস্ত কর্তৃত্ব তাঁর হাতে থাকে।"তোমরা ক্ষান্ত হও; জানিও,আমিই ঈশ্বর" (গীত ৪৬:১০)।

**২৭। সংবেদনশীল** – "সদাপ্রভু, আমার পরীক্ষা করিয়া প্রমাণ লও, আমার মর্ম্ম ও চিত্ত নির্ম্মল কর" (গীত ২৬:২)।একটি কঠিন হৃদয় আমাদের গৃহের ভেতরে এবং বাইরে অনেক ক্ষতি করে এবং মানসিক চাপ তৈরী করে। প্রভুকে বলুন আপনার হৃদয়কে পরীক্ষা করতে এবং অন্বেষণ করতে। পবিত্র আত্মার প্রতি সংবেদনশীল পুরুষ হন, সর্বদা আপনার পাপের জন্য অনুতাপ করুন এবং ঈশ্বরের সঙ্গে চলার বিষয় দৃঢ়প্রতিজ্ঞ হন।

**২৮। পুনরুদ্ধার** – "আমাদের এই মানসিক চাপ, ঘৃণা, এবং বিবাদপূর্ণ জগতে পার্থক্য তৈরী করার জন্য খ্রীষ্টানরা আহূত হয়েছেন। চার্চে এবং খ্রীষ্টিয় পরিবারগুলিতে আবেগসংক্রান্ত এবং আত্মিক পুনরুদ্ধারের জন্য প্রার্থনা করুন। "কেননা ঈশ্বরের অনুগ্রহ প্রকাশিত হইয়াছে, তাহা সমুদয় মনুষ্যের জন্য পরিত্রাণ আনয়ন করে, তাহা আমাদেগকে শাসন করিতেছে, যেন আমরা ভক্তিহীনতা ও সাংসারিক অভিলাষ সকল অস্বীকার করিয়া সংযত, ধার্ম্মিক ও ভক্তিভাবে এই বর্ত্তমান যুগে জীবনযাপন করি" (তীত ২:১১,১২)।

**২৯। মধ্যস্থতা** – "আমার সর্বপ্রথম নিবেদন এই, যেন সকল মনুষ্যের নিমিত্ত,বিনতি, প্রার্থনা, অনুরোধ, ধন্যবাদ করা হয়.." (১ তীমথিয় ২:১)। প্রত্যেকে শান্তি এবং নিরাপত্তা লাভ করতে চায়। প্রভু, আমাদের শিক্ষা দিয়েছেন আমরা যেন আমাদের পরিবার, কর্তৃত্বকারীদের, আমাদের নগর, রাজ্য এবং দেশের জন্য মধ্যস্থতা করি। আমরা চাই সমস্ত দিক থেকে তুমি যেন প্রভুদের প্রভু হিসাবে চিহ্নিত হও।

**৩০। মণ্ডলী** – “আর এখন, হে প্রভু, উহাদের ভয় প্রদর্শনের প্রতি দৃষ্টিপাত কর; এবং তোমার এই দাসদিগকে সম্পূর্ণ সাহসের সহিত তোমার বাক্য বলিবার ক্ষমতা দেও” (প্রেরিত ৪:২৯)।

**৩১। সমৃদ্ধি** – “বাস্তবিক তুমি স্বহস্তের শ্রম-ফল ভোগ করিবে, তুমি ধন্য হইবে, ও তোমার মঙ্গল হইবে” (গীত ১২৮:২)।এখন সেই সমস্ত লোকদের জন্য আমরা প্রার্থনা করবো যারা কাজের অন্বেষণ করছেন; কিন্তু আমরা কর্মে নিযুক্ত লোকদের জন্যেও প্রার্থনা করব যাতে তারা তাদের সমস্ত জিনিসগুলোকে উত্তমরূপে ব্যবহার করার জন্য বুদ্ধি এবং উপলব্ধি লাভ করেন।

**যোগাযোগের জন্য:** ট্রান্স ওয়ার্ল্ড রেডিও ইণ্ডিয়া, পোস্ট ব্যাগ নং -১, পোস্টঃ জোকা কোলকাতা ৭০০১০৪,
ফোন ০০৩-২৪৩৮-০০৪৫, মোবাইল: ৯৪৩৩৪৯৭২৩৫।
**You tube : TWR India Bengali**

আজকের চিন্তার জন্যঃ ৮৩৩৭০১২৪৩৩ নম্বরে ওয়াটস্ আপ্ করুন।